



জাতীয় কেবিনেট বিভাগ
লিবারেল পার্টি বাংলাদেশ
www.liberalbd.org

২০/১১/২০০৬

রাজনীতি এখন নীতি শূন্য, দুর্বৃত্তদের হাতে নিয়ন্ত্রিত হচ্ছে।
মুক্তি পেতে আধুনিক রাজনীতি এবং সং রাষ্ট্রনায়ক এর অভাব অনুভূত হচ্ছে।
-----লিবারেল পার্টি বাংলাদেশ

লিবারেল পার্টি বাংলাদেশের কেবিনেট সভায়দেশে চলমান রাজনৈতিক সংকটে গভীর উদ্বেগ প্রকাশ করে রাষ্ট্রপতিকে আরো গণমুখী সিদ্ধান্ত গ্রহণের আহ্বান জানানো হয়, নতুবা দেশে গণতন্ত্র ধংস অনিবার্য হবে বলে আশংকা প্রকাশ করা হয়।

সভায় বলা হয় রাজনীতি এখন সহিষ্ণুতা, সহনশীলতা ও নীতি শূন্য। দুর্বৃত্তদের হাতে রাজনীতি এখন নিয়ন্ত্রিত হচ্ছে। এ থেকে মুক্তি পেতে আধুনিক রাজনীতির চর্চা এবং সং রাষ্ট্রনায়ক দরকার এবং প্রবলভাবে তা অনুভূত হচ্ছে।

১৯ নভেম্বর সংশোধিত সংবিধান অনুযায়ী বিভিন্ন শূন্য পদে নির্বাচিত হন যথাক্রমে জনাব সাইফুল ইসলাম -নির্বাহী কেবিনেট চেয়ারম্যান, আমিন আহমেদ চৌধুরী -ন্যাশনাল চেয়ারম্যান, মিজানুর রহমান চৌধুরী -ডেপুটি ন্যাশনাল চেয়ারম্যান, শহীদুল ইসলাম দুলাল- অতিরিক্ত মহাসচিব এবং গোলাম ছামদানী লিডার ও প্রেসিডেন্ট এর রাজনৈতিক সচিব।

উল্লেখ্য, সম্প্রতি লিবারেল পার্টি বাংলাদেশের কেবিনেট সভায় পার্টির সংবিধানের প্রস্তাবিত সংশোধনী-২০০৬ এবং কার্যনিধি-২০০৬ অনুমোদন করা হয়েছে। গত ১৮ নভেম্বর রোজ শনিবার প্রদান কার্যালয়ে অনুষ্ঠিত কেবিনেট সভায় সভাপতিত্ব করেন জনাব আমিন আহমেদ চৌধুরী।

সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সর্বজনাব সাইফুল ইসলাম, আফজালুল হক সিকদার, গোলাম সামদানী, মিজানুর রহমান চৌধুরী, মো: কুতুব উদ্দিন, এস,এম রফিকুল ইসলাম প্রমুখ। শীঘ্রই বিশেষ কাউন্সিল অনুষ্ঠানের সিদ্ধান্ত হয়।

সংবাদ প্রেরক-

গোলাম ছামদানী
রাজনৈতিক সচিব।

National Head Quarters:

435 Bara Mogh bazaar, 3rd Floor, Wireless Railgate,
Dhaka-1217, Bangladesh. Tele: +880-2-9360774.

Email: info@liberalbd.org or libpartybd@gmail.com